# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬৪]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ২৩: প্রত্যেক সালাতের জন্যে ইকামত বলাই যথেষ্ট

الاكتفاء بالإقامة لكل صلاة

আরবী

أَخْبَرَنَا الْقَاسِمُ بْنُ زَكَرِيَّا بْنِ دِينَارٍ، قال: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، قال: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، قال: حَدَّثَنَا هِشَامٌ، أَنَّ أَبَا الزُّبَيْرِ الْمَكِّيَّ حَدَّثَهُمْ، عَنْ نَافِعِ بْنِ جُبَيْرٍ، أَنَّ أَبَا عُبَيْدَةَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ حَدَّثَهُمْ، أَنَّعَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ، قَالَ: كُنَّا فِي غَزْوَةٍ فَحَبَسَنَا الْمُشْرِكُونَ عَنْ صَلَاةِ الظُّهْرِ، وَالْعَصْرِ، وَالْمَغْرِبِ، وَالْعِشَاءِ، فَلَمَّا انْصَرَفَ الْمُشْرِكُونَ أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُنَادِيًا فَأَقَامَ لِصَلَاةِ الظُّهْرِ فَصَلَّيْنَا، وَأَقَامَ لِصَلَاةِ الْعَصْرِ فَصَلَّيْنَا، وَأَقَامَ لِصَلَاةِ الْمَغْرِبِ فَصَلَّيْنَا، وَأَقَامَ لِصَلَاةِ الْعِشَاءِ فَصَلَّيْنَا. ثُمَّ طَافَ عَلَيْنَا، فَقَالَ: مَا عَلَى الْأَرْضِ عِصَابَةٌ يَذْكُرُونَ اللَّهَ عَزَّ وَجَلَّ غَيْرُكُمْ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٢٣ (صحیح) (اس کے راوی ”ابو الزبیر“ مدلس ہیں اور عنعنہ سے روایت کئے ہوئے ہیں، اور ”ابو عبیدہ“ اور ان کے والد ”ابن مسعود“ کے درمیان سند میں انقطاع ہے، مگر شواہد سے تقویت پا کر صحیح ہے)

ـ صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 664

বাংলা

৬৬৩. কাসিম ইবনু যাকারিয়া ইবনু দীনার (রহ.) ..... 'আবদুল্লাহ ইবনু মাস্‌উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন,

আমরা একটি লড়াইয়ে লিপ্ত ছিলাম, মুশরিকরা আমাদেরকে যুহর, আসর, মাগরিব ও ইশার সালাত আদায় করার সুযোগ দেয়নি। যখন তারা চলে গেল, রাসূলুল্লাহ (সা.) মুয়াযযিনকে ইকামত দেয়ার আদেশ দিলেন। তারপর যুহরের সালাতের জন্যে ইকামত বলা হলে আমরা সালাত আদায় করলাম। আবার ’আসরের সালাতের জন্যে ইকামত বলা হলে আমরা সালাত আদায় করলাম। পরে মাগরিবের জন্যে ইকামত বলা হলে আমরা সালাত আদায় করলাম। পুনরায় ’ইশার সালাতের ইকামত বলা হল এবং আমরা সালাত আদায় করলাম। তারপর রাসূলুল্লাহ (সা.) আমাদের প্রতি লক্ষ্য করে বললেন, এখন জমিনের উপর তোমরা ব্যতীত এমন আর কোন দল নেই যারা আল্লাহ তা’আলার যিকর করছে।

## English

23. Sufficing With The Iqamah For Every Prayer

Abdullah bin Mas'ud said: We were fighting a battle and the idolators kept us from praying Zuhr, 'Asr, Maghrib and 'Isha'. When the idolators went away, the Messenger of Allah commanded a caller to say Iqamah for Zuhr prayer, and we prayed. Then he said the Iqamah for 'Asr, and we prayed, and he said the Iqamah for Maghrib and we prayed, and he said the Iqamah for 'Isha' and we prayed. Then we went around among us and said: 'There is no group on Earth who is remembering Allah, the Mighty and Sublime, except you.'

## ফুটনোট

শায়খ আলবানী (রহ.) হাদীসটিকে য'ঈফ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন